

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ ১ঃ ৩৪৬৪(শৃঙ্খলা)(১৭-১৮)/১৯-২০/

তারিখঃ ০৫.০২.২০২০ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব আবদুল আজিজ, মুখ্য কর্মকর্তা(অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মানিকগঞ্জ, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি হরিরামপুর শাখায় ২য় কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের জন্য ০১/১৮-১৯ নম্বর শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা রঞ্জু করিয়া ১৫.০৭.২০১৮ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৬৪/২০১৭-২০১৮/(২০১৮-২০১৯)/৯১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে রঞ্জুকৃত উক্ত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষ্ঠিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব আবদুল আজিজ, আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না- এই মর্মে বিগত ২০.০৮.২০১৯ খ্রিঃ তারিখে প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৬৪(শৃঙ্খলা)/২০১৭-২০১৮/(২০১-২০১৯)/৪৩১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল ;

০৪। যেহেতু আপনি জনাব আবদুল আজিজ প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ২০.০৮.২০১৯ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার- বিশ্লেষণ করিয়া দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব আবদুল আজিজ আপনাকে গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৫। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনি জনাব আবদুল আজিজ আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১) (খ) (আ) প্রবিধি অনুসারে আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১,০০,০০০/- ( এক লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, হরিরামপুর শাখা, মানিকগঞ্জ-এর আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব আবদুল আজিজ (এ-৪২১৪)  
মুখ্য কর্মকর্তা(অবসরপ্রাপ্ত),  
বাংলাদেশ কৃষি ব্যাংক,  
মুখ্য আঞ্চলিক কার্যালয়, মানিকগঞ্জ।

স্বাক্ষরিত

( মোঃ আবু ছাদেক মিয়া )  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ ১ঃ ৩৪৬৪(শৃঙ্খলা)(১৭-১৮)/১৯-২০/ ২০৪৬(১০)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

তারিখঃ ০৫.০২.২০২০ খ্রিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত দণ্ড সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (পেনশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মানিকগঞ্জ। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব আবদুল আজিজ এর নিকট প্রাপ্তি স্বীকার রসিদ মারফত হস্তান্তরপূর্বক উক্ত রসিদটি অত্র বিভাগে প্রেরণ করিবার জন্য তাহাকে অনুরোধ করা হইল।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মানিকগঞ্জ।
- ১২। ব্যবস্থাপক, বিকেবি, হরিরামপুর শাখা, মানিকগঞ্জ। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১৩। নথি/মহানথি।

(মোঃ শফিকুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক